



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
**ভেড়ামারা সরকারি কলেজ**  
ইযবৎধসধৎধ এড়াবৎহসবহঃ ঙ্গড়ষষবমব  
ভেড়ামারা, কুষ্টিয়া।  
নযবৎধসধৎধ.পড়ষষবমব.মড়া.নফ

## এক নজরে ভেড়ামারা সরকারি কলেজ

ভেড়ামারা সরকারি কলেজ বাংলাদেশের কুষ্টিয়া জেলার ভেড়ামারা উপজেলার একটি ঐতিহ্যবাহী পুরাতন শিক্ষাপ্রতিষ্ঠান। উপজেলার শিক্ষার উন্নয়নের চিন্তা থেকে স্থানীয় শিক্ষানুরাগী ও সমাজহিতৈষী ব্যক্তিগণের মহতী উদ্যোগে ১৯৬৫ সালের এক শুভক্ষণে ভেড়ামারা কলেজটি প্রতিষ্ঠা লাভ করে এবং ২০২২ সালের ২৬ জানুয়ারি ভেড়ামারার এই ঐতিহ্যবাহী কলেজটি সরকারিকরণ প্রক্রিয়া সম্পন্ন হয়। উপজেলার প্রাণকেন্দ্রে সুন্দর ও মনোরম পরিবেশে প্রায় ১০ একর ৪১ শতক জমির উপর কলেজটি অবস্থিত। বর্তমানে কলেজটিতে উচ্চ মাধ্যমিক পর্যায়ে ০৩ টি বিভাগে, এইচএসসি (বিএমটি) পর্যায়ে ০৪ টি ট্রেডে, স্নাতক (পাস) পর্যায়ে ০৩ টি বিভাগে, স্নাতক (সম্মান) পর্যায়ে ০৭ টি বিভাগে এবং স্নাতকোত্তর পর্যায়ে ০৪ টি বিভাগে পাঠদান করানো হয়। বর্তমানে প্রায় ৪৫০০ জন শিক্ষার্থী অত্র প্রতিষ্ঠানে অধ্যয়ন করে এবং অধ্যক্ষ মহোদয়সহ সর্বমোট ৮৮ জন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী কর্মরত রয়েছেন।